দৈনিক বাংলা

তারিখ ... 28. 7. 83 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম 5 ...

013

## রায়েরবাজার উচ্চবিদ্যালয়

এবার আমি একটি নিজের অভিজ্ঞতার কথা বলব। ঢাকা সম্পর্কিত এই অভিজ্ঞতা। রাজধানী ঢাকায় একটি অদ্ভুত অবস্থা লক্ষ্য করছি। সকলেই আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণ চাই। কিন্তু ঢাকা শহরে দেখছি উল্টো পরিস্থিতি। কোন কোন মহল সবকিছুতেই হস্তক্ষেপ করতে চায়। এ ঘটনা আমি লক্ষ্য করেছি বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠান বিষয়ে। শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির গঠন নিয়ে।

আইনত এই কমিটির নেতৃত্ব করেন থানার সিও, মহকুমার এসডিও এবং জেলার ডিসি বা তার প্রতিনিধি। খুব বেশী হলে এ ব্যাপারে শিক্ষা বোর্ড সমস্যার সমাধানে সহায়তা করতে পারেন। কিন্তু ঢাকায় রাজধানী অবস্থিত বলে এখানে একশ্রেণীর লোক এই কমিটি গঠন নিয়ে সচিবালয়ে ছুটোছুটি করেন। অনাহূতভাবে হস্তক্ষেপ ডেকে আনেন। আর সে ক্ষেত্রে ডিসি এবং শিক্ষা বোর্ডের ভূমিকা হয়ে যায় গৌন।

এ ব্যাপারে বেশ কিছুদিন পূর্বে ঢাকা শহরের একটি বালিকা বিদ্যালয় সম্পর্কে আমি লিখেছিলাম। আমি লিখেছিলাম উর্ধতন মহলের হস্তক্ষেপ সম্পর্কে। শুনেছি, সে বিদ্যালয়ের সমস্যার অনেকটা সুরাহা হয়েছে। এবার আরেকটি বিদ্যালয়ের খবর এসেছে আমাদের দফতরে। এই বিদ্যালয়ের নাম রায়েরবাজার উচ্চ বিদ্যালয়।

এই বিদ্যালয়ের কমিটি গঠন নিয়ে ঝামেলা চলেছে দীর্ঘদিন ধরে। এবং কমিটি গঠন নিয়ে পাত্তা দেয়া হয়নি ডিসি ও শিক্ষা বোর্ডকে। কোন নির্বাচিত কমিটি না করে করা হয়েছে এডহক কমিটি। এই এডহক কমিটিতে শিক্ষক, অভিভাবক ও অন্যান্য প্রতিনিধিদের নির্বাচনের নির্দেশ দিয়েছে শিক্ষা বোর্ড। কিন্তু শোনা যাচ্ছে সে নির্দেশও মানা হচ্ছে না। এডহক কমিটির সকল সদস্যকেই বিশেষ মহলে প্রভাব খাটিয়ে মনোনয়ন দেওয়ার চেষ্টা চলছে। এ নিয়ে অশান্তি বিরাজ করছে রায়ের বাজারের অভিভাবক মহলে।

আমরা তাদের জন্যে সুনির্দিষ্ট করে কি বলতে পারি বুঝতে পারছি না। এদের অভিযোগের তালিকা বড় দীর্ঘ। তাদের অভিযোগ আছে স্কুলের প্রধান শিক্ষক সম্পর্কে। তাদের দেয়া কাগজপত্রে দেখেছি প্রধান শিক্ষকের বিরুদ্ধে মামলা ঝুলছে হাইকোর্টে। এছাড়াও অভিযোগ আছে নতুন এডহক কমিটি সম্পর্কে।

এই সম্পর্কে আমার বিশেষ কিছু বলার নাই। আমি আগেও বলেছি, শিক্ষা প্রতিষ্ঠানকে তার স্বকীয়তার মধ্যেই থাকতে দেয়া বাঞ্ছনীয়। কমিটি গঠনের এখতিয়ার ডিসি এবং শিক্ষা বোর্ডের বাইরে যাওয়া উচিত নয়। প্রতিটি ক্ষেত্রেই নির্বাচিত কমিটি হওয়া বাঞ্ছনীয়। এতে বাদ-প্রতিবাদের অবকাশ থাকে না। আমি আশা করব সংশ্লিষ্ট মন্ত্রণালয় রায়ের বাজার উচ্চ-বিদ্যালয়ের পরিস্থিতি সম্পর্কে নতুন করে বিবেচনা করবেন। অযথা হস্তক্ষেপ করে পরিস্থিতির অবনতি ঘটাবেন না।

—অনিকেত